

## একুশে একাডেমী অস্ট্রেলিয়া'র পুনর্মিলনী

সোনার বাংলা রিপোর্ট : একুশে একাডেমী অস্ট্রেলিয়া গত ৬ মে , রবিবার মধ্যাহ্নে একুশে বই মেলা উত্তর এক পুনর্মিলনীর আয়োজন করে বারউড কমিউনিটি সেন্টারে। মধ্যাহ্নভোজের ছিল সংক্ষিপ্ত আলোচনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের।

আলোচনা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক ডা. আব্দুল ওহাব বকুল। এরপর বক্তব্য রাখেন মিজানুর রহমান তরণ, সালেহ ইবনে রসুল, গাউসুল আযম শাহজাদা, আল নোমান শামীম, আনিসুর রহমান, অজয় দাশগুপ্ত ও নেহাল নেয়ামূল বারী প্রমুখ। বক্তারা বইমেলায় সাফল্য ও ব্যর্থতার মূল্যায়নসহ একুশে একাডেমীর বিভিন্ন কার্যক্রমের পর্যালোচনা করেন। এ পর্বটি পরিচালনা করেন আল নোমান শামীম।

আলোচনা পর্বের পর ছিলো ছোট্ট মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এ পর্বে ছিলো কবিতা পাঠ ও সংগীতানুষ্ঠান। কবিতা পাঠ করেন সুরভী ফেরদৌস , শামীমূল ইসলাম, অনন্যা, একেএম ফারুক ও আল নোমান শামীম প্রমুখ। কবিতা পাঠের পর ছিলো ছোট্ট সংগীতানুষ্ঠান। এ পর্বে সংগীত পরিবেশন করেন সুলতানা নুও, সুমিতা দে, পিয়াসা বড়ুয়া ও অমিয়া মতিন। শিল্পীদেও তবলায় সহযোগিতা করেন জন্মেজয় রায় এবং কি-বোর্ডে ছিলেন অভিজিৎ বড়ুয়া। সাংস্কৃতিক পর্বটি অত্যন্ত সুন্দরভাবে উপস্থাপনা করেন সংগঠনের সাংস্কৃতিক সম্পাদক শামীমূল ইসলাম।

সবশেষে সংগঠনের সভাপতি নেহাল নেয়ামূল বারী এখন থেকে বইমেলায় পাশাপাশি বিভিন্ন জাতীয় দিবসসহ অন্যান্য অনুষ্ঠান পালন করার ঘোষণা দেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।